মহাদেবপুর উপজেলা পরিষদে ১৬/০৯/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ আহসান হাবীব
উপজেলা পরিষদ চেয়ারম্যান
মহাদেবপুর,নওগাঁ।

সভার তারিখ : ১৬/০৯/২০২১ খ্রিঃ/

সভার সময় : সকাল ১০: ০০ টা।

সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অত:পর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক কর্মসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি উপস্থিত দপ্তর প্রধানদের বক্তব্য তুলে ধরার আহবান জানান।

০১। বিভাগীয় আলোচনা :

১.১। কৃষি বিভাগঃ

উপজেলা কৃষি কর্মকর্তা জানান, ২০২১-২২ খরিপ-২ মৌসুমে রোপা আমন ২৭৮৫৫ হেক্টর জমিতে লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে হাইব্রিড ২৩০ ,উফসী-১৮৫২০ ও স্থানীয় (চিনি আতব) ১০১৪০ মোট ২৮৮৯০ হেক্টর রোপন করা হয়েছে। বর্তমান অবস্থায় সার, বিদ্যুৎ ও জ্বালানী তেলের মজুদ ও সরবরাহ সন্তোষজনক। খরিপ-২ মৌসুমে রোপা আমনকৃষি প্রণোদনার আওতায় মহাদেবপুর উপজেলায় হাইব্রিড ১৮০ ও উফশী ৫২০ মোট ৭০০ জন ক্ষুদ্র ঋণ ও প্রান্তিক কৃষক- দের মাঝে ২০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার এবং হাইব্রিড বীজ ২ কেজি, ডিএপি ২০ কেজি বিতরণ করা হয়েছে। বর্তমানে দন্ডায়মান রোপা আমন ধানের রোগবালাই দমন কার্যক্রম জোরদার করণের জন্য মাঠে সার্বক্ষণিক ভাবে উপসহকারী কৃষি কর্মকর্তগণ অবস্থান করছেন এবং সার্ভিলেন্স ব্লকের কার্যক্রম জোরদার করা হয়েছে। এছাড়াও বিভিন্ন পোকামাকড় সনাক্ত করণের মাধ্যমে কৃষকদের সচেতনতা বৃদ্ধি কার্যক্রম চলমান রয়েছে।

১.২। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরঃ

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, অত্র দপ্তর কর্তৃক পরিচালিত ভিজিডি কার্যক্রম প্রতি মাসের ন্যায় আলোচ্য দুস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি, মহিলাদের আত্ম- কর্মসংস্থানের জন্য মহিলার মাঝে ঘূর্ণায়মান ঋণ কর্মসূচির কার্যক্রম নেয়া হয়েছে। মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রমে যথানিয়মে ৩০ জনকে ৩ মাস মেয়াদে এবং আইজিএ প্রশিক্ষণ কেন্দ্রে ৫০ জনের প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৩। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ):

সভায় সহকারী প্রকৌশলী (বরেন্দ্র) জানান যে, দাপ্তরিক জরুরী কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক- ভাবে চলছে।

১.৪। উপজেলা সমাজসেবা বিভাগঃ

সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রমের আওতায় চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় বয়স্ক ও বিধবা ভাতার উপকারভোগীর সংখ্যা শতভাগে উন্নীত করা হয়েছে। চলতি অর্থ বছরে অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার জন্য আবেদন গ্রহণ করা হয়েছে এবং বরাদ্দও পাওয়া গেছে।

নির্বাচিত তালিকা উপজেলা কমিটিতে নির্ধারিত সময়ের মধ্যে দাখিলের জন্য সংশ্লিষ্ট সকল ইউ.পি চেয়ারম্যানদেরকে জানানো হয়েছে। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত রয়েছে।

১.৫। উপজেলা শিক্ষা অফিস :

উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দপ্তরের বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। কোন সমস্যা নেই।

চলমান পাতা-২

১.৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে। কোন সমস্যা নেই।

১.৭। উপজেলা মৎস্য অফিস:

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা তাঁর কার্যালয়ের কার্যক্রম বিষয়ে বর্ণনা করে জানান যে, অফিসে আগত মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ক বিভিন্ন পরামর্শ প্রদান, মৎস্য চাষির পুকুর/খামার পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান, অফিসে আগত মৎস্য চাষীদের পুকুর/খামার পরিদর্শন করে পানি পরীক্ষা অন্তে পরামর্শ প্রদান করা হয়। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে হাট-বাজার পরিদর্শন / অভিযান পরিচালনা অব্যাহত রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.৮। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :

সভায় সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে নিরাপদ পানি সরবরাহের আওতায় বরাদ্দকৃত ২৬০ টি নলকূপের বরাদ্দ পাওয়া গেছে এবং সংশ্লিষ্ট সকল চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদকে প্রয়োজনীয় স্থানে স্থাপনের জন্য তালিকা চাওয় হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.৯। উপজেলা যুব উন্নয়ন অফিস:

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আলোচ্য মাসে ৫ (পাঁচ) জন যুবকে নওগাঁ যুব প্রশিক্ষণ কেন্দ্রে গবাদী পশু পালনে প্রেরণ করা হয়েছে। এ মাসে আরো ৫ (পাঁচ) জন যুবকে কৃষি হটিকালচার প্রশিক্ষণের জন্য নওগাঁ যুব কেন্দ্রে (আবাসিক) প্রেরণ করা হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

১.১০। উপজেলা সমবায় অফিস:

উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, সমবায় সমিতিসমূহের অডিট, পরিদর্শন, তদারকি/পরিচর্যা প্রভৃতি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

ক) অডিট সম্পাদন:

| গত মাস পর্যন্ত আদায়/ সম্পাদন | আলোচ্য মাসে আদায়/ সম্পাদন | মোট আদায়/সম্পাদন |
|---|---|---|
| ১৭ | ২২ | ৩৯ |

খ) পরিদর্শন (সমিতি):

| গত মাস পর্যন্ত পরিদর্শন | আলোচ্য মাসে পরিদর্শন | মোট পরিদর্শন |
|---|---|---|
| ০৫ | ০৫ | ১০ |

গ) রাজস্ব আদায়: (২০২০-২০২১)

| গত মাস পর্যন্ত আদায়/ সম্পাদন | আলোচ্য মাসে আদায়/ সম্পাদন | মোট আদায়/সম্পাদন |
|---|---|---|
| ৮৬৩৬/- | ৯৮৭২/- | ১৮৫০৮/- |

ঘ) ঋণ কার্যক্রম (আশ্রয়ণ প্রকল্প)

| গত মাস পর্যন্ত আদায়/ সম্পাদন | আলোচ্য মাসে আদায়/ সম্পাদন | মোট আদায়/সম্পাদন |
|---|---|---|
| ৩০৯২৩৯৭/- | ১৫০০/- | ৩০৯৩৮৯৭/- |

ঙ) সমিতির মনিটরিং

| গত মাস পর্যন্ত | আলোচ্য মাসে | মোট |
|---|---|---|
| ০৫ | ০৫ | ১০ |

চলমান পাতা-৩

১.১১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসঃ

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আলোচ্য মাসে সেবাগ্রহীতার তথ্য সম্পর্কে জানান যে, বহিঃ বিভাগ-৫২৯৩ জন অন্তঃ বিভাগ-৫৯১ জন, জরুরি বিভাগ-১১৩০ জন, উপস্বাস্থ্য কেন্দ্র (৫টি)=৬৮৫৫ জন। নরমাল ডেলিভারী-১৬ জন এবং কুকুর ও অন্যান্য প্রাণির কামড়ানো রোগীর সংখ্যা-৭৬ জন, আলোচ্য মাসে ভ্যাকসিনের মজুদ নাই। বিষ খাওয়া রোগী-৫০ জন (পুরুষ-২৯জন, মহিলা-২১, রোড অ্যাকসিডেন্ট রোগীর সংখ্যা ১১৩ জন, পানিতে ডোবা রোগী ০১জন। কমিউনিটিভিশন সেন্টারে মোট রোগীর সংখ্যা-৪০৫ জন। আগত রোগী এবং অভিভাবকদের সাইকেল মোটর সাইকেল ও ভ্যানগাড়ীর সেড না থাকায় প্রায়শঃ চুরি হয়ে যায়। এ ধরনের যাতে না হয় সে কারণে হাসপাতাল চত্বরে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা হয়েছে।

১.১২। উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, আলোচ্য মাসে ৬০ জন আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের মাঝে সহায়তা প্রদান করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.১৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসঃ

উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা জানান যে সকল প্রকল্প/কর্মসূচির কাজ সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোভিট-১৯ প্রণোদনা/ ঋণ কার্যক্রমে ৩৪ জন সদস্যের মধ্যে ৩৭,৫০,০০০/-(সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) ইতোমধ্যে প্রথম পর্যায়ে বিতরণ সম্পন্ন হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

১.১৪। উপজেলা প্রাণি সম্পদ অফিসঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, অত্র দপ্তরের মাধ্যমে ২৬৮০ মাত্রা গবাদি পশু ও ৪৫,৫০০ মাত্রা হাঁস, মুরগীর টিকা প্রদান করা হয়েছে, ১৯২০ টি গবাদি পশু ও ১২,৫৪৬ টি হাঁস, মুরগীর চিকিৎসা করা হয়েছে। ৮৮২টি গবাদি পশু কৃত্রিম প্রজনন করা হয়েছে। ১৩০০০টি উন্নত মানের ঘাসের কাটিং বিতরণ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।

১.১৫। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, আলোচ্য মাসে মোট সক্ষম দম্পত্তি ৬৬৯১৫ জন, মোট গ্রহণকারী ৫৫৬১৫ জন, মোট গ্রহণকারীর হার ৭৯.৫৫%, পুরুষ- ১৬৩৯১৮ জন, মহিলা- ১৫৯৯৩৯ জন, সর্বমোট= ৩২৩৮৫৭ জন।

**স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রমঃ**

পুরুষ- ০০ জন, মহিলা- ০১জন, আইইউডি- ১০ জন, ইমপ্ল্যান্ট- ১৩০০ জন মোট গর্ভবতী- ১৫৬৬ জন, মোট ডেলিভারী- ১৫৩২ জন, সাধারণ রোগী পুরুষ- ২৮৮ জন, মহিলা- ২৪৩৮ জন।

১.১৬। পল্লী বিদ্যুৎ সমিতিঃ

ডিজিএম, মহাদেবপুর জোনাল অফিস, নওগাঁ পবিস-২, মহাদেবপুর, নওগাঁ জানান বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক-ভাবে চলছে। নিয়মিতভাবে বিদ্যুৎ সরবরাহ হচ্ছে। কোন সমস্যা নেই।

১.১৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২১-২০২২ অর্থ বছরে কাবিট/কাবিখা বিভাজন হয়েছে এবং তালিকা অনুমোদনের জন্য জেলা ত্রাণ কার্যালয়, নওগাঁয় প্রেরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে জিআর বরাদ্দ বিভাজন হয়নি। অন্যান্য কাজ চলমান রয়েছে ।

১.১৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসঃ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, মহাদেবপুর উপজেলার খাদ্য শস্য মজুদ এর পরিমাণ চাউল সিদ্ধ=৩০৮১.০৫০ মেঃ টন আতব চাউল ১৮৫৬.৭৫০ মেঃ টন , ধান = ১৯৯.৬৮০ মেঃ টন, গম = ১৬৪.৮৪৪ মেঃ টন, খালি বস্তা=২,২২,৩৯১ খানা। দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই ।

১.১৯। বন বিভাগঃ

সভায় উপস্থিত উপজেলা বন কর্মকর্তা জানান, দপ্তরের কাজকর্ম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে।

চলমান পাতা-৪

২। উপজেলা প্রকৌশলী,মহাদেবপুর সভায় জানান যে, গত আগষ্ট/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন সমন্বয় সভার ৫নং অনুচ্ছেদে উপজেলা পরিচালন ও উন্নয়ন তহবিল (ইউজিডিপি) প্রকল্পের আওতায় বরাদ্দকৃত ৭০(সত্তর) লক্ষ টাকার মধ্যে অবকাঠামো উন্নয়নের জন্য ৬০(ষাট) লক্ষ টাকার প্রকল্প গ্রহণ করা হয়। অবশিষ্ট ১০(দশ) লক্ষ টাকা সক্ষমতা উন্নয়নের জন্য বরাদ্দ রাখা হয়। উক্ত বরাদ্দ দ্বারা প্রকল্প গ্রহণের জন্য সভায় আলোচনা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ প্রকল্প গ্রহণের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | প্রকল্পের নাম | সম্ভাব্য ব্যয় (ভ্যাট ছাড়া) | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | মহাদেবপুর উপজেলার বেকার (ল্যাপটপ এবং ইন্টারনেট সুবিধা রয়েছে এমন) ছেলে মেয়েদের জন্য আউট সোর্সি প্রশিক্ষণ | ১,৮৮,০০০/- | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি |
| ০২ | দক্ষ জনশক্তি তৈরীর জন্য ইলেক্ট্রিক এন্ড হাউজ ওয়ারিং প্রশিক্ষণ | ১,৫৮,০০০/- | ঐ |
| ০৩ | অনাদবাদী ও পতিত জমিতে পারিবারিক সবৃজি ও ফল বাগান স্হাপন বিষয়ক কৃষক প্রশিক্ষণ | ১,৭৪,৯৪০/- | উপজেলা কৃষি ও সেচ কমিটি |
| ০৪ | আধুনিক পদ্ধতিতে উচ্চ ফলনশীল পেঁয়াজ উৎপাদন বিষয়ক কৃষক প্রশিক্ষণ | ১,৭৪,৯৪০/- | ঐ |
| ০৫ | পাবদা/গুলশা/শিং/মাগুর মাছের একক ও মিশ্রচাষ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ | ১,১৯,৬০০/- | উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ কমিটি |
| ০৬ | দুগ্ধ উৎপাদন বৃদ্ধির কৌশল বিষয়ে উন্নত জাতের গাভী পালন প্রশিক্ষণ এবং দেশী ও সোনালী মুরগীর রোগ প্রতিরোধ ও উৎপাদন বৃদ্ধির কৌশল বিষয়ক প্রশিক্ষণ | ১,৮৪,৫২০/- | ঐ |
| | সর্বমোট | ১০,০০,০০০/- | |

সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত প্রকল্পসমূহ সর্বসম্মতভাবে অনুমোদিনত হয়। প্রকল্প বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান হয়।

৩। <u>মহান স্বাধীনতা ও জাতীয় দিবস/২০২১ যথাযথ মর্যদায় উদ্‌যাপন প্রসঙ্গে।</u>

চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, বর্তমান বছর ১৬ ডিসেম্বর মহান স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী ও জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশত বার্ষিকী অত্যন্ত যাকযমকপূর্ণভাবে অনুষ্ঠিত করতে হবে। এ জন্য পূর্বের যে কোন বছরের চেয়ে এ বছর ব্যয় বেশী হবে। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,মহান স্বাধীনতা দিবস উদ্‌যাপনের জন্য সরকারি ভাবে কিছু অর্থ বরাদ্দ পাওয়া যায়। এ ছাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বছরে সর্বমোট ১,০০,০০০/-(এক) লক্ষ টাকা জাতীয় দিবস উদ্‌যাপনের জন্য ব্যয়ের অনুমোদন রয়েছে। এ অর্থ দ্বারা ২৬ মার্চ,২১ ফেব্রুয়ারী ইত্যাদি জাতীয় দিবস পালন করতে হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে এর চেয়ে বেশী ব্যয়ের প্রয়োজন হলে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রস্তাব অনুমোদনের জন্য স্হানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে অতিরিক্ত অর্থ ব্যয়ের জন্য প্রয়োজনীয় অর্থ রয়েছে। সে ক্ষেত্রে প্রস্তাব স্হানীয় সরকার বিভাগে অনুমোদনের জন্য প্রেরণ করা যেতে পারে।

<u>সিদ্ধান্ত ঃ</u>

বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে ১৬ ডিসেম্বর/২০২১ মহান স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী ও জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশত বার্ষিকী অত্যন্ত যাকযমকপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ২,০০,০০০/-(দুই) লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব স্হানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার,মহাদেবপুরকে অনুরোধ জানান হয়।

চলমান পাতা-৫

৪। বিবিধ ঃ

উপজেলা প্রকৌশলী সভায় জানান,উপজেলা পরিষদের ড্রেন পরিষ্কার এবং নির্মিত আনসার ও ভিডিপি ব্যারাকে অতিরিক্ত দরজা ও জানালা স্হাপন করা প্রয়োজন। এ জন্য প্রায় ২,০০,০০০/-টাকা প্রয়োজন হবে।

সিদ্ধান্ত ঃ

বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য ২,০০,০০০/-(দুই) লক্ষ টাকার প্রকল্প গ্রহণের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,মহাদেবপুরকে সভায় অনুরোধ জানান হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আহসান হাবীব)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মহাদেবপুর, নওগাঁ
☏০২৫৮৮৮৮৫১০০
মোবা: ০১৭১২-১৬৬৩১০
ই-মেইল: uzpcmohadevpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহাদেবপুর, নওগাঁ।
Website: mohadevpur.naogaon.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.০০০.১০.০১.২১- ১০০২

তারিখ: ০১ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৬ সেপ্টেম্বর২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ৪৮, নওগাঁ- ৩, মহাদেবপুর-বদলগাছী নির্বাচনী এলাকা, নওগাঁ।
২। জেলা প্রশাসক, নওগাঁ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।
৫। উপজেলা ------------------------------------------------অফিসার, মহাদেবপুর, নওগাঁ।
৬। চেয়ারম্যান, ------------------------------------------ইউপি (সকল), মহাদেবপুর, নওগাঁ।
৭। ---------------------------------------------------------------------------------

(মোঃ মিজানুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মহাদেবপুর,নওগাঁ।
মোবাঃ০১৭৭৪৯১৪৮৪৯
টেলিফোন-০২৫৮৮৮৮৫০০১